

যুগান্তর

নটর ডেম কলেজে একাদশে ভর্তিতে লাগবে যেসব যোগ্যতা

👤 যুগান্তর ডেস্ক

🕒 ১৪ মে ২০২৪, ১৭:৩৪:০৭ | [অনলাইন সংস্করণ](#)



অন্য বছরগুলোর মতো এবারও নিজস্ব প্রক্রিয়ায় শিক্ষার্থী ভর্তি করবে রাজধানীর নটর ডেম কলেজ। ফলে দেশের অন্যতম এই শিক্ষাপ্রতিষ্ঠান ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য জিপিএসহ যোগ্যতার শর্ত প্রকাশ করেছে।

মঙ্গলবার একাদশ শ্রেণিতে ভর্তিসংক্রান্ত এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছে কলেজ কর্তৃপক্ষ। সেখানে ভর্তিতে আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। প্রক্রিয়া চলবে অনলাইনে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষা বোর্ড কর্তৃক ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনের তারিখ ঘোষণার পর ভর্তিসংক্রান্ত তথ্য কলেজের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে।

প্রতিবছরের মতো এবারও নটর ডেম কলেজ নিজস্ব প্রক্রিয়ায় অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ করবে।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

বিজ্ঞান বিভাগ: বাংলা মাধ্যম ও ইংরেজি ভাসন (উচ্চতর গণিতসহ) জিপিএ-৫, মানবিক বিভাগ জিপিএ-৩ এবং ব্যবসায় শিক্ষা বিভাগ জিপিএ-৪। এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভাসনের জন্য আবেদন করতে পারবে না। ‘ও’ লেভেল শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হয় না।

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে

বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.৫০, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে জিপিএ-৩.৫০।

নটর ডেম কলেজে ভর্তির জন্য কোনো কোচিং সেন্টারে ভর্তির প্রয়োজন নেই বলে এতে জানানো হয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

